# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় পর্যায় (الْمَرْحَلَةُ الثَّانِيَةُ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

৫. মুনযির বিন সাভীর নামে পত্র (الْكِتَابُ إِلَى الْمُنْذِرِ بْنِ سَاوِيْ):

মুনযির বিন সাভী ছিলেন বাহরাইনের গভর্ণর। ইসলামের দাওয়াত প্রদান করে নাবী কারীম (ﷺ) তাঁর নিকট একটি পত্র প্রেরণ করেন। পত্রখানা বহন করেন আলা ইবনুল হাযরামী (রাঃ)। পত্র পাওয়ার পর মুনযির রাসূলুল্লাহ (ﷺ)-কে এ মর্মে উত্তর প্রদান করেন, ‘হে আল্লাহর রাসূল (ﷺ)! আপনার পত্রখানা আমি বাহরাইনবাসীগণকে পাঠ করে শুনিয়ে দিলাম। কতগুলো লোক ইসলামের ভালবাসা এবং পবিত্রতার মনোভাব ব্যক্ত করে তার সুশীতল ছায়া তলে আশ্রয় গ্রহণ করল। কিন্তু কিছু সংখ্যক লোক বিরূপ মনোভাব ব্যক্ত করে মুখ ফিরিয়ে নিল। আমার জমিনে ইহুদী এবং অগ্নি উপাসকও আছে। অতএব এ ব্যাপারে আপনি আপনার নিজস্ব কর্ম প্রক্রিয়া অবলম্বন করুন।

প্রত্যুত্তরে রাসূলে কারীম (ﷺ) তাঁকে এ পত্র লিখলেন,

(بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ . مِنْ مُحَمَّدٍ رَّسُوْلِ اللهِ إِلَى الْمُنْذِرِ بْنِ سَاوِيْ، سَلَامٌ عَلَيْكَ، فَإِنِّيْ أَحْمَدُ إِلَيْكَ اللهَ الَّذِيْ لَا إِلٰهَ إِلَّا هُوَ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُوْلُهُ، أَمَّا بَعْدُ، فَإِنِّيْ أَذْكُرُكَ اللهَ عَزَّ وَجَلَّ، فَإِنَّهُ مَنْ يَنْصَحُ فَإِنَّمَا يَنْصَحُ لِنَفْسِهِ، وَإِنَّهُ مَنْ يُّطِيْعُ رُسُلِيْ وَيَتَّبِعُ أَمْرَهُمْ فَقَدْ أَطَاعَنِيْ، وَمَنْ نَصَحَ لَهُمْ فَقَدْ نَصَحَ لِيْ، وَإِنَّ رُسُلِيْ قَدْ أَثْنَوْا عَلَيْكَ خَيْراً، وَإِنِّيْ قَدْ شَفَعْتُكَ فِيْ قَوْمِكَ، فَاتْرُكْ لَلْمُسْلِمِيْنَ مَا أَسْلَمُوا عَلَيْهِ، وَعَفَوْتَ عَنْ أَهْلِ الذُّنُوْبِ، فَاقْبِلْ مِنْهُمْ، وَإِنَّكَ مَهْمَا تَصْلِحُ فَلَمْ نَعْزِلْكَ عَنْ عَمَلِكَ. وَمَنْ أَقَامَ عَلٰى يَهُوْدِيَةٍ أَوْ مَجُوْسِيَةٍ فَعَلَيْهِ الْجِزْيَةُ).

বিসমিল্লাহির রহমানির রাহীম

‘আল্লাহর রাসূল মুহাম্মাদ (ﷺ)-এর পক্ষ হতে মুনযির বিন সাভীর নিকট পত্র-

আপনার প্রতি সালাম বর্ষিত হোক। সর্ব প্রথমে আমি ঐ আল্লাহর প্রশংসা ও গুণকীর্তন করছি যিনি ব্যতীত অন্য কেউ প্রশংসা কিংবা উপাসনার উপযুক্ত নয়। আমি আরও সাক্ষ্য দিতেছি যে, মুহাম্মাদ (ﷺ) তাঁর বান্দা এবং প্রেরিত রাসূল।

অতঃপর আমি তোমাদেরকে আল্লাহ আযযা ওয়া জাল্লার স্মরণ করিয়ে দিচ্ছি। এটা অবশ্যই স্মরণ থাকা প্রয়োজন যে, যে ব্যক্তি সৌজন্য প্রদর্শন করবে এবং পুণ্য অর্জন করবে সে নিজের উপকারার্থে তা করবে এবং যে ব্যক্তি আমার প্রতিনিধির অনুকরণ ও তাঁর নির্দেশাবলীর আনুগত্য করবে সে যেন আমারই আনুগত্য করবে। যে তাঁর সঙ্গে সৌজন্যমূলক ব্যবহার করবে, সে যেন আমারই সঙ্গে তা করল। আমার প্রতিনিধিগণ আপনার প্রশংসা করেছে এবং আপনার জাতি সম্পর্কে আমি আপনার সুপারিশ গ্রহণ করেছি। অতএব, মুসলিমগণ যে অবস্থার মধ্যে ঈমান এনেছে তাদরকে সেই অবস্থার মধ্যে ছেড়ে দিন। আমি অপরাধীদের অপরাধ মাফ করে দিয়েছি। অতএব, তাদেরকে গ্রহণ করে নিন এবং যতক্ষণ আপনি সংশোধনের পথ অবলম্বন করে থাকবেন আমরা আপনাদেরকে আপনাদের কাজ হতে অপসারিত করব না। তবে যারা ইহুদী ধর্ম অথবা মাজূসিয়াতের উপর বিদ্যমান থাকবে

তাদের উপর (জিজিয়া) কর প্রযোজ্য হবে।[1]

ফুটনোট

[1] যাদুল মা'আদ ৩য় খন্ড ৬১-৬২ পৃঃ। এ পত্র খানা নিকট অতীতে হস্তগত হয়েছে। ড: হামীদুল্লাহ এর ফটো প্রচার করেছেন। যাদুল মা'আদের রচনা এবং সেই ফটোর রচনায় শুধু একটি শব্দের পার্থক্য রয়েছে । অর্থাৎ ফটোতে লা ইলাহা ইল্লা হুয়ার পরিবর্তে লা ইলাহা গায়রুহু রয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন